

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪০৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫০: আল্লাহ ও তাঁর আযাবকে ভয় করা

بَابُ الْخَوْف \_ (50)

#### আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ، رضي الله عنه، قَالَ: قَرَأَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم: « يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ثُمَّ قَالَ: أَتَدْرُوْنَ مَا أَخْبَارَهَا؟ قَالُوْا: اَللهُ وَرَسُوْلُهُ أَعْلَمُ. قَالَ: فَإِنَّ أَخْبَارَهَا أَنْ تَشْهَدَ عَلَىٰ كُلِّ عَبْدٍ أَوْ أَمَةٍ بِمَا عَلَىٰ ظَهْرِهَا، تَقُوْلُ: عَمِلْتَ كَذَا وَكَذَا فِيْ يَوْمٍ كَذَا وَكَذَا فِيْ يَوْمٍ كَذَا وَكَذَا فِيْ يَوْمٍ كَذَا وَكَذَا وَالْ

#### বাংলা

১৩/৪১৩। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ আয়াতটি তিলাওয়াত করলেনঃ ''সেদিন তা (যমীন) তার প্রত্যেক বিষয় বর্ণনা করবে''- (সূরা আয্-যিলযালঃ ৪)। অতঃপর তিনি জিজ্ঞাসা করলেনঃ তোমরা কি জানো যমীন সেদিন কী বর্ণনা করবে? উপস্থিত সকলেই বললেন, আল্লাহ ও তাঁর রাসূলই ভাল জানেন। তিনি বললেনঃ যমীন বলবে, এই এই কর্ম তুমি এই এই দিন করেছো। এগুলো হলো তার বর্ণনা।[1]

# **English**

(50) Chapter: Fear (of Allah)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) recited, "That Day it (the earth) will reveal its news (about all that happened over it of good or evil)." (99:4). Then he (ﷺ) inquired, "Do you know what its news are?" He was told: "Allah and His Messenger know better". He said, "Its news is that it shall bear witness against every slave man and woman they did on its back. It will say: 'You did this and this on such and such day.' Those will be its news."

### [At-Tirmidhi]



Commentary: This Hadith makes evident the perfect Omnipotence of Allah by telling us that He will bestow power of speech on the earth and it will bear witness to the acts committed on its surface. It has stern warning for people that however they may try to hide their sins from others, they will not be able to save themselves from Allah and His system of accountability.

## ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ তিরমিয়ীর কোন কোন কপিতে সহীহ্ শব্দটি নেই আর হাদীসটির বর্ণনাকারীদের অবস্থার পরিপ্রেক্ষিতে সেটিই সঠিকের নিকটবর্তী। দেখুন "সিলসিলাহ্ য'ঈফা" (৪৮৩৪)। হাদীসটিকে ইবনু হিববান (২৫৮৬) ও হাকিমও (২/৫৩২) বর্ণনা করেছেন। এর এক বর্ণনাকারী ইয়াহইয়া ইবনু আবী সুলাইমান সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস আর হাফিয ইবনু হাজার তাকে হাদীসের ক্ষেত্রে দুর্বল আখ্যা দিয়েছেন। [৪৮৩৪]।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন